

নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলায় খ্রিস্টান ধর্মাবলম্বীদের অন্যতম ধর্মীয় উৎসব ইস্টার সানডে যথাযোগ্য মর্যাদা ও ধর্মীয় ভাবগম্বীর পরিবেশে উদযাপিত হয়েছে।

রবিবার (২০ এপ্রিল) সকালে উপজেলার বিভিন্ন চার্চে দেশ ও জাতির মঙ্গল কামনায় প্রার্থনার মধ্য দিয়ে দিনের সূচনা হয়। এরপর ধর্মীয় আলোচনা, সঙ্গীত পরিবেশনসহ নানা আচার-অনুষ্ঠানের মাধ্যমে পালিত হয় উৎসবটি।

সকাল থেকেই উপজেলার বিভিন্ন গির্জায় খ্রিস্ট ধর্মাবলম্বী নারী-পুরুষ, শিশু-কিশোর ও বয়ঃজ্যেষ্ঠরা জড়ো হতে থাকেন। পরে দেশ, জাতি এবং বিশ্বের শান্তি ও কল্যাণ কামনায় সম্মিলিত প্রার্থনা অনুষ্ঠিত হয়। পাশাপাশি হিংসা, বিদ্বেষ ও সহিংসতা থেকে দূরে থাকার আহ্বান জানিয়ে ধর্মীয় সঙ্গীত ও আলোচনার আয়োজন করা হয়।

জিবিসি চার্চে প্রার্থনা পরিচালনা করেন রেভারেন্ড স্টিফেন আশিষ রেমা।

স্থানীয় পুরোহিত পাস্টার মাইকেল প্রদীপ বাউল জানান, দুর্গাপুর পৌরসভাসহ পুরো উপজেলায় প্রায় ৬৫টি গির্জা রয়েছে। রোববার ভোরে সূর্যোদয় প্রার্থনার মাধ্যমে শুরু হয় দিনের আনুষ্ঠানিকতা। পরে গির্জায় সমবেত হয়ে ধর্মপ্রাণ খ্রিস্টানরা প্রার্থনায় অংশ নেন।

ফাদার জীবন কুমার রাংসা বলেন, “ইস্টার সানডে শুধু একটি ধর্মীয় উৎসব নয়, এটি ভালোবাসা, ভ্রাতৃত্ব ও মানবিকতার বার্তা বহন করে। এ দিনে মানুষে মানুষে ভেদাভেদ ভুলে গিয়ে একসাথে আনন্দ ভাগাভাগি করে নেয়।”

অনুষ্ঠানে পবিত্র বাইবেল থেকে পাঠ, যিশু খ্রিস্টের পুনরুত্থান দিবস নিয়ে আলোচনা, প্রসাদ বিতরণ, ধর্মীয় কীর্তন ও সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এসব আয়োজনের শেষে বিকেলে দেশ ও জাতির মঙ্গল এবং অসুস্থ মানুষের সুস্থতা কামনায় বিশেষ প্রার্থনার মধ্য দিয়ে উৎসবের সমাপ্তি ঘটে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:47

URL: <https://timestodaybd.com/mymensingh/1151871410>